



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫


স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.২৫.০১০.১৫.২৩০২

তারিখ: ২৩/১০/২০২৫ খ্রি:

বিষয়: শস্য বিভাগ, বিএআরসি কর্তৃক আয়োজিত “Training on Development and Application of SOPs for Genebank Management” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ITPGRFA এর আওতায় GPA সংশ্লিষ্ট তথ্য যথাযথভাবে প্রেরণের নিমিত্ত নার্সভুজ প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভিদ কৌলিসম্পদ গবেষণা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে বিজ্ঞানী/শিক্ষক/কর্মকর্তাদের মনোনয়ন দেয়া হয়েছে। শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কর্তৃক ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত বিজ্ঞানী/শিক্ষক/কর্মকর্তাদের অংশগ্রহণে আগামী ০২-০৪ নভেম্বর, ২০২৫ তারিখে ৩ (তিন) দিনব্যাপী শস্য বিভাগ, বিএআরসি কর্তৃক “Training on Development and Application of SOPs for Genebank Management” শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, প্রশিক্ষণ কোর্সটি প্রতিদিন ০৯:১৫-১৭:০০ ঘটিকা পর্যন্ত কনফারেন্স রুম-০১, বিএআরসি, ঢাকা (মেইন বিল্ডিং, ৩য় তলা)-তে অনুষ্ঠিত হবে। উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান হতে একজন মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবী, কর্মস্থলের ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইলসহ তালিকা আগামী ৩০ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে বিএআরসি’তে (ই-মেইলঃ md.crops@barc.gov.bd; rezwanbt@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উল্লিখিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠেয় প্রশিক্ষণে মনোনীত প্রশিক্ষণার্থীদেরকে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।


২৩/১০/২৫
(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (বু.দা.)
ফোন: ০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd

বিভরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ২। পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
- ২। পরিচালক, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অফিস কপি।